# উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটির মে/২০২৫ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী:

২

সভাপতি ঃ মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা,দিনাজপুর।

তারিখ ঃ ০৮/০৫/২০২৫ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।

আলোচ্য বিষয়ঃ
(১) সৃজিত স্ট্রীপ বাগান প্রসঙ্গে।
(২) নার্সারী প্রসঙ্গে।
(৩) বিবিধ।

**সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষরঃ**

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কামরুজ্জামান সরকার<br>উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর। | সভাপতি | [signature] |
| ০২ | ইয়াসমিন আক্তার<br>উপজেলা কৃষি অফিসার, খানসামা, দিনাজপুর। | সদস্য | [signature] ০৮/০৫/২০২৫ |
| ০৩ | মোঃ তমিজুল ইসলাম<br>উপজেলা সমাজসেবা অফিসার, খানসামা, দিনাজপুর। | সদস্য | [signature] ০৮/০৫/২৫ |
| ০৪ | মোঃ রবিউল আলম তুহিন<br>চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউপি, খানসামা, দিনাজপুর। | সদস্য | [signature] |
| ০৫ | এস.এম মঞ্জুরুল কাদের<br>উপজেলা বন কর্মকর্তা, খানসামা-SFPC, খানসামা, দিনাজপুর। | সদস্য সচিব | [signature] ০৮/০৫/২৫ |

অদ্যকার সভায় সভাপতি জনাব মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর সকলকে স্বাগত জানিয়ে সভায় কাজ শুরু করেন। সভার শুরুতে এস.এম মঞ্জুরুল কাদের, উপজেলা বন কর্মকর্তা, খানসামা এস.এফ.পি.সি গত মার্চ/২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী ও সংযোজনী না থাকায় তা অনুমোদন করা হলো।

সদস্য সচিব ১নং আলোচ্য বিষয়ের আলোকে জানান যে, সামাজিক বনায়নের আওতায় বিভিন্ন সনে সৃজিত স্ট্রীপ বাগান সম্পর্কে সভায় ব্যাপক আলোচনা করেন, তবে ২০২৩-২০২৪ খ্রিঃ সনে সৃজিত তিস্তা বাঁধ বাগান সম্পর্কে জানান যে, বাগানের কিছু কিছু জায়গায় কে বা কাহারা গরু ছাগল দ্বারা ও মানুষ নিজ হাতে চারা গাছ ভাঙ্গী/কাটিয়া নষ্ট করিয়া দেয়। তিনি আরও জানানা যে, সাজাপুর মৌজার সালবনটি ভালো আছে, বনে কোন প্রকার অপরাধ মূলক কার্যক্রম ঘটে নাই।

সদস্য সচিব ২নং আলোচ্য বিষয়ের আলোকে উপজেলা পরিষদ চত্তরে অবস্থিত ০.৭৫ একর পরিমাণ নার্সারী কেন্দ্রের বিষয়ে সভায় উপস্থাপন করেন যে, দীর্ঘদিন যাবৎ নার্সারীর ঘেড়া বেড়া থেকে শুরু করে কোন রকমের মেরামত ও মাটি ভরাটের কাজ কর্ম হয় নাই। অল্প বৃষ্টিতেই পানি জমা এবং ঘেড়া বেড়ার অভাবে নার্সারীতে চারা উত্তোলনের ব্যাঘাত ঘটে। তাই সভাপতির সদয় দৃষ্টি আকর্ষণ করে নার্সারী কেন্দ্রের ঘেড়া বেড়া ও মাটি ভরাটের বিষয়টি বিবেচনা করিয়া চারা উত্তোলনের পথ সুগম করিতে বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা বন কর্মকর্তা, ও সদস্য সচিব, উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটি, খানসামা, দিনাজপুর।

সভায় আর কোন আলোচন্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

[signature] ০৮/০৫/২৫
(মোঃ কামরুজ্জামান সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটি
খানসামা, দিনাজপুর।

পত্র নং- ০৭/খান-২৮(৭) তারিখঃ- ০৮/০৫/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ
(১) উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
(২) উপজেলা................................/কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।
(৩) চেয়ারম্যান.............................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
(৪) অফিস নথি।

[signature] ০৮/০৫/২৫
উপজেলা বন কর্মকর্তা
খানসামা এস,এফ,পি,সি
ও
সদস্য সচিব
উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটি
খানসামা, দিনাজপুর।